মেহেরপুরে বাজার মনিটরিং অভিযান, ৩ প্রতিষ্ঠানে জরিমানা

মেহেরপুরের বড়বাজারে বাজার মনিটরিং টাস্কফোর্সের অভিযান চালিয়ে মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে তিনটি ব্যবসা প্রতিষ্ঠানকে জরিমানা করা হয়েছে।

মঙ্গলবার জেলা প্রশাসনের নেতৃত্বে পরিচালিত এ অভিযানে পুলিশ, ব্যাটালিয়ন আনসার, কৃষি বিপণন অধিদপ্তর, কনজ্যুমারস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) এবং স্যানিটারি ইন্সপেক্টর অংশগ্রহণ করেন।

অভিযানকালে বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানে ক্রয়-বিক্রয়ের পাকা ভাউচার সংরক্ষণ এবং পণ্যের মূল্য তালিকা প্রদর্শনের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। এ সময় মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে তিনটি ব্যবসা প্রতিষ্ঠানকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯-এর ৩৮ ধারা এবং কৃষি বিপণন আইন, ২০১৮-এর ১৯(১)(ঙ) ধারায় তিনটি পৃথক মামলায় মোট ২ হাজার টাকা জরিমানা করা হয়।

সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জানায়, ভোক্তার অধিকার নিশ্চিত ও বাজারে স্বচ্ছতা বজায় রাখতে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

মেহেরপুরে প্রশাসনের বাজার মনিটরিং ও জরিমানা

সরকারি নির্দেশনা অনুযায়ী নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের বাজার মূল্য ভোক্তাদের কাছে সহনীয় পর্যায়ে রাখার লক্ষ্যে মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে বাজার মনিটরিং ও মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে।

শুক্রবার জেলা প্রশাসনের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জয়া ধর মুমুর নেতৃত্বে সদর উপজেলার হোটেল বাজার ও পশুর হাট এলাকায় বাজার

মনিটরিংসহ মোবাইল কোর্টের অভিযান পরিচালনা করা হয়। এ সময় খুচরা পর্যায়ে বেগুন, শসা, আলু, পেঁয়াজ, রসুন, আদা, মরিচ, পেঁপে, ফুলকপি, কাঁচাবাজার, মাছ ও মাংসসহ বিভিন্ন নিত্যপ্রয়োজনীয় পণ্যের দোকানে অভিযান চালানো হয়।

অভিযানকালে বাজারের অধিকাংশ দোকানে ক্রয়-বিক্রয়ের পাকা ভাউচার সংরক্ষণ এবং মূল্য তালিকা প্রদর্শনের বিষয়ে ব্যবসায়ীদের নির্দেশনা প্রদান করা হয়। এ সময় পণ্যের মূল্য তালিকা সংরক্ষণ না করায় ভোক্তা অধিকার সংরক্ষণ আইনের ৩৯ ধারায় ৩টি মামলায় মোট ১ হাজার ৬০০ টাকা জরিমানা করা হয়।

এদিকে জেলা প্রশাসনের আরেক এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ভুবন চন্দ্র হালদারের নেতৃত্বে মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ এলাকায় মুজিবনগর থানা পুলিশ টিম ও ট্রাফিক সার্জেন্টের সহযোগিতায় মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

মোবাইল কোর্ট চলাকালে ড্রাইভিং লাইসেন্স ছাড়া যানবাহন চালানো এবং অবৈধভাবে ফুটপাত দখলের দায়ে সড়ক পরিবহন আইন-২০১৮ এর আওতায় ৬টি মামলায় মোট ৩ হাজার ৫০০ টাকা অর্থদণ্ড প্রদান করা হয়।

জেলা প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, বাজারে নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য স্বাভাবিক রাখতে এবং আইনশৃঙ্খলা বজায় রাখতে এ ধরনের অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

কুষ্টিয়ায় চালের বাজার মনিটরিংয়ে ডিসি

কুষ্টিয়ায় চালের বাজারসহ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি ও অতিরিক্ত মজুত নিয়ন্ত্রণে বাজার মনিটরিং করেছেন জেলার টাস্কফোর্স কমিটি।

বৃহস্পতিবার (১৬ জানুয়ারি) দুপুরে জেলা টাস্কফোর্স কমিটির সভাপতি জেলা প্রশাসক মো. তৌফিকুর রহমানের নেতৃত্বে শহরের

বড়বাজারে মনিটরিং কার্যক্রম পরিচালনা করা হয়।

এ সময় চালসহ বিভিন্ন দ্রব্যমূল্যের দাম যাচাই, পাইকারি ও খুচরা বিক্রয় মূল্য তালিকা, ক্রয় রশীদ ও মুনাফার হার তদারকি করা হয়।

দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে সবার সহযোগিতা কামনা করে জেলা প্রশাসক বলেন, অতি মুনাফা লোভী ব্যবসায়ীরা চালের বাজারে সিন্ডিকেটের মাধ্যমে অতিরিক্ত মূল্য নিলে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।

এ সময় কুষ্টিয়ার পুলিশ সুপার মো. মিজানুর রহমান, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট জাহাঙ্গীর আলম, সদর উপজেলা নির্বাহী অফিসার পার্থপ্রতীম শীল, জেলা খাদ্য নিয়ন্ত্রক আল্ ওয়াজিউর রহমানসহ আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য ও বৈষম্যরিরোধী ছাত্র আন্দোলনের সদস্যরা উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় সার ও বীজ মনিটরিং কমিটির সভা

দামুড়হুদায় সার ও বীজ মনিটরিং কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার সকাল ১১টার সময় উপজেলা পরিষদের সভাকক্ষে এই সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নিবার্হী কর্মকর্তা মমতাজ মহল বলেন আমরা কৃষি প্রধান দেশের মানুষ, কৃষিই দেশের অর্থনীতির চালিকা শক্তি, প্রায় দুই থেকে আড়াই কোটি কৃষি পরিবারের দেশ আমাদের। কৃষি আমাদের প্রধান পেশা। কৃষকরা আমাদের অন্ন ও বস্ত্র যোগায়। কৃষক ও কৃষিকাজ চাষ আবাদের জন্য নিত্য প্রয়োজনীয় কৃষি উপকরণ যেমন সার, বীজ, বালাই নাশক এবং কৃষি আধুনিক ও যান্ত্রিক করণের জন্য সরকার হাজার হাজার কোটি টাকা ভূর্তকী দিচ্ছে। সুতরাং কৃষকরা যেন আমাদের দ্বারা কোন ভাবে হয়রানি ও অবহেলার স্বীকার না হয় সে দিকে খেয়াল রাখতে হবে।
সভায় প্রতিটি বিসিআইসি ও বিএডিসি সার ডিলার পয়েন্টে সরকার নির্ধারিত মূল্য তালিকা টাঙ্গিয়ে রাখতে হবে। সরকার নির্ধারিত

মূল্যের চেয়ে বেশি দামে বীজ ও বালাইনাশক বিক্রয় করা যাবে না এবং কৃষি উপকরণ বিক্রি করার সময় কৃষকদের ক্যাশ মেমো প্রদান মর্মে কার্যকরণ গ্রীহিত হয়।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সদস্য সচিব উপজেলা কৃষি কর্মকর্তা শারমিন আক্তার, সদস্য মৎস্য কর্মকর্তা ফারুক মহলদার, পল্লী উন্নয়ন কর্মকর্তা গোলাম রসূল, উপজেলা বিসিআইসি সার ডিলার কমিটির সভাপতি জগবন্ধু বসু, সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, উপজেলা বিএডিসি সার ডিলার কমিটির সভাপতি আজিজুর রহমান, সাধারণ সম্পাদক আবুজার গিফারীসহ উপজেলার সকল বিসিআইসি ও বিএডিসি সার ডিলার ও তাদের প্রতিনিধিবৃন্দ।

গাংনীতে রমজান মাস উপলক্ষে বাজার মনিটরিং কমিটির সভা

পবিত্র মাহে রমজান উপলক্ষে গাংনীতে বাজার মনিটরিং কমিটির আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার (২৭ এপ্রিল) সকাল ১১টার সময় গাংনী উপজেলা পরিষদ সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা প্রশাসন আলোচনা সভার আয়োজন করে। সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান। সভায় প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন মেহেরপুর-২ (গাংনী) আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আ.লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক। এ সময় বক্তব্য রাখেন উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন,গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) ওবাইদুর রহমান,গাংনী পৌরসভার মেয়র আশরাফুল ইসলাম,গাংনী উপজেলা আ.লীগের সংগ্রামী সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন জেলা আ.লীগের ত্রাণ ও পূর্নবাসন বিষয়ক সম্পাদক এবং কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর

রহমান রানা,সাহারবাটী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান গোলাম ফারুক,মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহমেদ,তেঁতুলবাড়ীয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর আলম,বামন্দী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ও বামন্দী বাজার কমিটির প্রতিনিধি আব্দুল আওয়াল,গাংনী বাজার কমিটির সভাপতি মাহবুবুর রহমান স্বপন,সাধারণ সম্পাদক সাজেদুর রহমান বুলু। এ সময় উপস্থিত ছিলেন সাংবাদিক ও ব্যবসায়ী প্রতিনিধিবৃন্দ।

মাহে রমজানে সব ধরণের মালামালের মূল্য যেনো উর্ধ্বমুখি না হয়। সে বিষয়ে বিস্তর আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় অনুষ্ঠিত এ সভায়।